



বেসিক ব্যাংক পিএলসি.

সমৃদ্ধির পথে মানুষের সাথে

সতভাগ রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক
কারওয়ান বাজার শাখা, ঢাকা।

অর্থক্ষণ আদালত আইন ২০০৩ এর ৩৩(৫) ধারার বিধান মোতাবেক সার্টিফিকেট দ্বারা অর্জিত

সম্পত্তি বিক্রয়ের নিমিত্তে নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা জানানো যাইতেছে যে, বেসিক ব্যাংক লিমিটেড বর্তমানে বেসিক ব্যাংক পিএলসি, কারওয়ান বাজার শাখার ঋণ গ্রহীতা (১) মেসার্স লাবনী ফ্যাশন, পক্ষে স্বত্বাধিকারী- জনাব সরকার জাহাঙ্গীর (লুটু), পিতা-মোঃ দেলোয়ার হোসেন সরকার, মাতা-আজিরন বেগম, সাং-যাদুর চর, মাদ্রাসা রোড, তেতুলঝাড়, সাভার, ঢাকা, (২) জনাব সরকার জাহাঙ্গীর (লুটু), পিতা-মোঃ দেলোয়ার হোসেন সরকার, মাতা-আজিরন বেগম, স্বত্বাধিকারী-মেসার্স লাবনী ফ্যাশন, সাং-যাদুর চর, মাদ্রাসা রোড, তেতুলঝাড়, সাভার, ঢাকা, এবং সাং-২/এম/৩, গোল্ডেন ট্রীট, রিং রোড, আদাবর, শ্যামলী, ঢাকা-১২০৭ এবং সাং-সুনকিভাঙ্গা, ডাকঘর-ভরতখালী, থানা-সাজতা, জেলা-গাইবান্ধা এবং (৩) হোসনে আরা, স্বামী-জনাব সরকার জাহাঙ্গীর (লুটু), সাং-২/এম/৩, গোল্ডেন স্ট্রীট, রিং রোড, আদাবর, শ্যামলী, ঢাকা-১২০৭-এর বিরুদ্ধে বেসিক ব্যাংক লিমিটেড বর্তমানে বেসিক ব্যাংক পিএলসি, কারওয়ান বাজার শাখা, তাহাদের নিকট পাওনা টাকা আদায়ের জন্য অর্থক্ষণ আদালতে অর্থক্ষণ মামলা নং-৭৬/২০১৭ দায়ের করেন। ঐ মোকদ্দমায় বেসিক ব্যাংক লিমিটেড, কারওয়ান বাজার শাখা ঋণ গ্রহীতা (১) মেসার্স লাবনী ফ্যাশন, (২) জনাব সরকার জাহাঙ্গীর (লুটু) এবং (৩) হোসনে আরা-এর বিরুদ্ধে খরচসহ ৭,৬০,১৮,৫৩৩.৩৫/= (সাত কোটি ষাট লক্ষ আঠারো হাজার পাঁচশত তেত্রিশ দশমিক তিন পাঁচ) টাকা এবং ডিক্রীর টাকা আদায় পর্যন্ত সুদ ও খরচের ডিক্রী পান। ডিক্রীর টাকা আদায়ের জন্য বাদী ব্যাংক ৮৫/২০১৯ মানিজারী মোকদ্দমা দায়ের করে এবং অর্থক্ষণ আদালত আইন, ২০০৩-এর ৩৩(৫) ধারায় আদালত হইতে সনদ লাভ করেন। ঐ সনদ মোতাবেক বাদী ব্যাংক তফসিল বর্ণিত সম্পত্তির মালিক হইয়াছেন। এক্ষুনে ডিক্রীদার/ব্যাংক নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি কাবলা মূলে বিক্রয় করিতে আগ্রহী। ইচ্ছুক ক্রেতাগন নিম্নলিখিত শর্তে দরপত্র দাখিল করিতে পারিবেন।

নিলাম ক্রয়ের শর্তাবলী

- আগামী ২০/০৭/২০২৬ইং তারিখে বিকেল ৩.০০ ঘটিকার মধ্যে বেসিক ব্যাংক পিএলসি, কারওয়ান বাজার শাখায় রক্ষিত টেন্ডার বাক্সে আগ্রহী ক্রেতাগনকে সাদা কাগজে পূর্ণ ঠিকানা উল্লেখপূর্বক স্বাক্ষর যুক্ত দরপত্র সীলমোহরকৃত খামে দিতে হইবে এবং ঐদিন বিকেল ৩.০০ ঘটিকার পর টেন্ডার বাক্স প্রাপ্ত দরপত্র সমূহে সংশ্লিষ্ট দরপত্র দাতাগনের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হইবে।
- প্রত্যেক দরদাতা, উদ্ধৃত দর অনূর্ধ্ব ১০,০০,০০০.০০ (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০.০০ (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০.০০ (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫% এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০.০০ (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ জামানত স্বরূপ ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে বেসিক ব্যাংক পিএলসি, কারওয়ান বাজার শাখা, ঢাকা-এর অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।
- দরপত্র গৃহীত হওয়ার পরবর্তী ৯০ (নব্বই) কার্য দিবসের মধ্যে সর্বোচ্চ দরদাতাকে দরপত্রের সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে। ব্যর্থতায় ব্যাংক কর্তৃপক্ষ জামানতের টাকা বাজেয়াপ্ত করিবেন।
- বাজেয়াপ্তকৃত অর্থ এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর একত্রে সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর অপেক্ষা কম নাহলে দ্বিতীয়। সর্বোচ্চ দরদাতাকে তফসিল সম্পত্তি খরিদ করিতে আহবান করা হইবে। দ্বিতীয় দরদাতা আহত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) কার্য দিবসের মধ্যে সম্পূর্ণ মূল্য পরিশোধ করিবেন। ব্যর্থতায় তাহার জামানত বাজেয়াপ্ত হইবে।
- দরপত্রের সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপরিাপ্ত বা অপ্রতুল্য প্রতীয়মান হইলে কর্তৃপক্ষ তাহা বাতিল করিতে পারিবেন।
- শাখা কর্তৃপক্ষ কোন কারণ ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহন বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করিবেন।
- সম্পত্তির রেজিস্ট্রেশন সংক্রান্ত খরচ, স্ট্যাম্প ডিউটি ও ক্রয়কৃত সম্পত্তির ট্যাক্সসহ অন্যান্য যাবতীয় খরচ ক্রেতাকে বহন করিতে হইবে।
- সফল দরদাতাকে অর্থক্ষণ আদালত আইন, ২০০৩ মোতাবেক সম্পত্তি দখল প্রদান বা বুঝাইয়া দেওয়া হইবে।
- অকৃতকার্য দরদাতাদের আর্নেস্ট মানি যথা সময়ে ফেরত দেওয়া হইবে। কম জামানত/জামানত বিহীন/ক্রটিপূর্ণ দরপত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে।

তফসিল

জেলা-ঢাকা, থানা ও সাব রেজিস্ট্রী অফিস-সাভার অধীন ঢাকা কালেক্টরীর তৌজিভুক্ত জে.এল নং-সি.এস-৭৪১, এস.এ-২৫৯, আর.এস.-২৩২, মৌজা-বিলা মালিয়া জাদুরচর, মাদ্রাসা রোড, হেমায়েতপুর, তেতুলঝাড়স্থিত, সি.এস. খতিয়ান নং-১১৬৩, সি.এস. ও এস.এ দাগ নং-১০৬১, আর.এস. দাগ নং-১৭৬৪, আর.এস. মিউটেশন খতিয়ান নং-১৬০১/কাত, জোত নং-৩১৫৯, সম্পত্তির পরিমাণ ৭.৯৮ শতক বাড়ী ভূমি এবং তদউপর নির্মিত ৩ (তিন) তলা বিশিষ্ট ফ্যাক্টরী বিল্ডিং, যাহার চৌহদ্দির উত্তরে-মাসুদা আক্তার, দক্ষিণে-রাস্তা, পূর্বে-আসমত আলী ভূইয়া গং এবং পশ্চিমে-রাস্তা।

সহকারী মহাব্যবস্থাপক ও শাখা প্রধান
কারওয়ান বাজার শাখা, ঢাকা।
মোবাইলঃ ০১৭৮৭-৩৩১১২২